



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
www.narayanganj.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৭০০.২০০.৪৭.০০৬.২৪-৩৪

তারিখ ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী নিয়ে বর্ণিত উপজেলার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিয়ে বর্ণিত সময়সূচি ধার্য করে ০২ এপ্রিল ২০২৪খ্রি. তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০৫.২৪-১৪৭ এর মাধ্যমে প্রজ্ঞাপন জারী করেছে :-


| | | | | |
|-----|--|---|--|-----------------|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২১ এপ্রিল ২০২৪ ----- ০৮ বৈশাখ ১৪৩১ | রবিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৩ এপ্রিল ২০২৪ ----- ১০ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ২৪-২৬ এপ্রিল ২০২৪ ----- ১১-১৩ বৈশাখ ১৪৩১ | বুধবার-শুক্রবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ২৭-২৯ এপ্রিল ২০২৪ ----- ১৪-১৬ বৈশাখ ১৪৩১ | শনিবার-সোমবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ৩০ এপ্রিল ২০২৪ ----- ১৭ বৈশাখ ১৪৩১ | মঙ্গলবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ০২ মে ২০২৪ ----- ১৯ বৈশাখ ১৪৩১ | বৃহস্পতিবার |
| (ছ) | ভোট গ্রহণের তারিখ | : | ২১ মে ২০২৪ ----- ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১ | মঙ্গলবার |

ভোটগ্রহণের সময়সীমা সকাল ০৮:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

২। এক্ষেত্রে, সেহেতু, আমি মো: সাকিব-আল-রাফি, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নারায়ণগঞ্জ ও রিটার্নিং অফিসার, সোনারগাঁও উপজেলা পরিষদ, উক্ত বিধিমালায় বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, সোনারগাঁও উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

তারিখ : ০২ দিন ০৪ মাস ২০২৪ বৎসর



০২/০৪/২০২৪.
(মো: সাকিব-আল-রাফি)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নারায়ণগঞ্জ

ও
রিটার্নিং অফিসার
সোনারগাঁও উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
(অঃপৃঃদঃ)



অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৪। উপমহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ, ঢাকা।
- ৫। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও আপীল কর্তৃপক্ষ।
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৮। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ৯। অধিনায়ক, র‍্যাব-১১, নারায়ণগঞ্জ।
- ১০। উপপরিচালক, স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ।
- ১১। অধিনায়ক, নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬৭ বিজিবি), নারায়ণগঞ্জ।
- ১২। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নারায়ণগঞ্জ।
- ১৩। উপজেলা নির্বাহী অফিসার, সোনারগাঁও, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার (গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ১৪। জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ।
- ১৫। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ (গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
- ১৬। উপজেলা নির্বাচন অফিসার, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- ১৭। অফিসার ইনচার্জ, সোনারগাঁও থানা, নারায়ণগঞ্জ।
- ১৮। নোটিশ বোর্ড.....।


০২/০৪/২৪
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নারায়ণগঞ্জ

ও
রিটার্নিং অফিসার
সোনারগাঁও উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

